

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.৪২.৫৮০০.০০০.১৪.১১৯.১৫.২৯৫৪

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২  
১০ ডিসেম্বর ২০২৫


বিষয়: মৌলভীবাজার জেলা পরিষদের এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় ১৪২.৭৫ লক্ষ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬১টি প্রকল্প অনুমোদন সংক্রান্ত।

সূত্র: স্মারক : ৪৬.০০.৫৮০০.০০২.০১.০১.২২.৫৬৫, তারিখ : ০৫-১০-২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৪-২৫ অর্থবছরে মৌলভীবাজার জেলা পরিষদের এডিপি (সাধারণ ও বিশেষ) বরাদ্দের আওতায় ১৪২.৭৫ লক্ষ (এক কোটি বিয়াল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬১টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ৩৬-এ বর্ণিত ৩.০০ লক্ষ (তিন লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ের প্রকল্পটি ত্রুটিপূর্ণ হওয়ায় তা পরিবর্তনপূর্বন নতুন প্রকল্প গ্রহণের জন্য বলা হলো। উক্ত প্রকল্পটি ব্যতীত অবশিষ্ট (৬১-১)=৬০টি প্রকল্প (১৪২.৭৫-৩.০০)=১৩৯.৭৫ লক্ষ (এক কোটি উনচল্লিশ লক্ষ পঁচাত্তর হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

**শর্তাবলি:**

০১. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০২. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
০৩. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
০৪. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
০৫. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না; এবং
০৬. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।
০৭. প্রকল্প তালিকার ক্রমিক ৩৯, ৪০, ও ৪৪-এ বর্ণিত তিনটি প্রকল্প দরপত্র/এলটিএম পদ্ধতিতে বাস্তবায়নের শর্ত প্রদান করা হলো।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email: lgzp@lgd.gov.bd

**বিতরণ:**


১. প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার;
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার।

স্মারক নম্বর: ৪৬.৪২.৫৮০০.০০০.১৪.১১৯.১৫.২৯৫৪/১(৫)

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩২  
১০ ডিসেম্বর ২০২৫

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

  
খোন্দকার ফরহাদ আহমদ  
উপসচিব